গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়
খুলনা
www.sports.khulna.gov.bd

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.০৩.০০৮.২৩- ৩৭

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩০
০৩ মার্চ ২০২৪

বিষয় : বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় খুলনা সদর উপজেলায় সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে , ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় খুলনা জেলা ক্রীড়া অফিসের আয়োজনে খুলনা সদর উপজেলার মাধ্যমিক ও দাখিল মাদ্রাসার (অনূর্ধ্ব-১৬) ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে আগামী ০৬ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৯.০০ টা হতে খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স সুইমিংপুলে দিনব্যাপী সাঁতার প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে ।

উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের আগ্রহী ১০ (দশ ) জন প্রতিযোগির নামের তালিকা পিতা ও মাতার নামসহ ( প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ) প্রতিযোগিতা স্থলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

প্রতিযোগিতার নিয়মাবলী :

০১ । প্রতিযোগিতার স্থান : খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স সুইমিংপুল ।
০২ । প্রতিযোগিতা শুরুর তারিখ : ০৬ মার্চ ২০২৪ খ্রি:
০৩। প্রতিযোগিদের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণীর নিয়মিত ছাত্র/ছাত্রী এবং বয়স ১৬ বছরের নিচে হতে হবে ।
০৪। প্রতিযোগিদের অবশ্যই নামের তালিকা এবং খেলোয়াড়ী পোশাকসহ যথাসময়ে মাঠে রিপোর্ট করতে হবে ।
০৫। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষককে উপস্থিত হওয়ার নির্দেশনা প্রদান করতে হবে ।
০৬। প্রতিযোগিদের আপ্যায়ন ,যাতায়াত ভাতা ও সনদপত্র প্রদান করা হবে ।

খেলাধুলার প্রসার , ক্রীড়া প্রতিভার বিকাশ ও অন্বেষণ কার্যক্রমকে বেগবান করাসহ নতুন খেলোয়াড় সৃষ্টির এ উদ্যোগকে সফল করার লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের অংশগ্রহণপূর্বক সহযোগিতা কামনা করছি ।

প্রাপক ,
প্রধান শিক্ষক /সুপার /সম্পাদক/অধ্যক্ষ ,
.........................................
.........................................

০৬/০৩/২০২৪
মো: বকতিয়ার রহমান গাজী
জেলা ক্রীড়া আফিসার
খুলনা
ফোন ০১৭২৫০০০০০১

স্মারক নং ৩৪.০২.৪০৪৭.০৩৩.০৩.০০৮.২৩- ৩৭

তারিখ : ১৯ ফাল্গুন ১৪৩০
০৩ মার্চ ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় )
০১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ।
০২। জেলা প্রশাসক, খুলনা ।
০৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা ।
০৪। উপপরিচালক, খুলনা বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স, খুলনা ।
০৫। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, খুলনা ।
০৬। জনাব.........................................
০৭। অফিস নথি ।

০৬/০৩/২০২৪
মো: বকতিয়ার রহমান গাজী
জেলা ক্রীড়া আফিসার
খুলনা